

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৪০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১হাণ্ ।

পরিচ্ছেদঃ ১৮. দ্বিতীয় অনুচ্ছেদ - কুড়িয়ে পাওয়া দ্রব্য-সামগ্রী

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: رَخَّصَ لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْعَصَا وَالسَّوْطِ وَالْحَبْلِ وَأَشْبَاهِهِ يَلْتَقِطُهُ الرَّجُلُ يَنْتَفِعُ بِهِ. رَوَاهُ أَبُو دَاؤُد وَذَكر حَدِيث الْمِقْدَام بن معدي كرب: «أَلا لَا يحل» فِي «بَاب الِاعْتِصَام»

বাংলা

৩০৪০-[৮] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছড়ি, চাবুক, রশি এবং এগুলোর ন্যায় (স্বল্লমূল্য) জিনিস- যদি কোনো ব্যক্তি উঠায়, তখন তা দিয়ে নিজে উপকার লাভ করতে আমাদেরকে অনুমতি দিয়েছেন। (আবূ দাউদ)[1]

মিকদাম ইবনু মা'দীকারিব -এর হাদীস 'সাবধান, হালাল নয়' ''সুদৃঢ়ভাবে আঁকড়ে ধরা'' অধ্যায়ে উল্লেখ করা হয়েছে।

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ১৭১৭, ইরওয়া ১৫৫৮। কারণ এর সনদে আবুয্ যুবায়র একজন মুদাল্লিস রাবী।

ব্যাখ্যা

न्यां (وَأَشْبَاهِه) वर्शा - यात्क बल्ल वर्ल वर्ग कता रः ।

(يَنْتَفَعُ بِهِ) অর্থাৎ- হারানো বস্তুর ক্ষেত্রে হুকুম হলো- যে ব্যক্তি হারানো বস্তু কুড়ায় সে এক বছর অবহিত না করেই তা দ্বারা উপকৃত হতে পারবে। শারহুস্ সুন্নাহ্ গ্রন্থকার বলেন, এতে ঐ ব্যাপারে প্রমাণ রয়েছে যে, কম সম্পদের ক্ষেত্রে অবহিত করার প্রয়োজন নেই। আর আল্লাহ সর্বাধিক ভালো জানেন। ('আওনুল মা'বৃদ ৩য় খন্ড, হাঃ ১৭১৪)



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন